# আলোচ্য বিষয়ঃ
# ভারতীয় দর্শনের শ্রেণী বিভাগ

## দর্শন অনার্স
## প্রথম বর্ষ
## ২০১৭

তুফান আলি সেখ
সহকারি অধ্যাপক
দর্শন বিভাগ
মহীতোষ নন্দী মহাবিদ্যালয়

ভারতীয় দর্শনের মূল ভিত্তি হল -  বেদ। এই বেদ-এর উপর ভিত্তি করে ভারতীয় দর্শনকে সাধারণত দুই ভাগে করা হয়। যথা –

১. আস্তিক দর্শন
এবং ২. নাস্তিক দর্শন

# আস্তিক দর্শন

‘আস্তিক’ কথাটি প্রধানত দুটি অর্থে ব্যবহৃত হয়। যথা –

ক) প্রচলিত অর্থে আস্তিক,

এবং খ) ভারতীয় দর্শন অর্থে আস্তিক।

## ক) প্রচলিত অর্থে আস্তিকঃ

সাধারণ অর্থে বা প্রচলিত অর্থে যারাঁ ঈশ্বরের অস্তিত্বে বিশ্বাস করেন, তাঁদের বলা হয় আস্তিক।

**খ) <u>ভারতীয় দর্শন অর্থে আস্তিকঃ</u>** ভারতীয় দর্শনে যাঁরা বেদের প্রমাণ্যে বিশ্বাস করেন, তাঁদের বলা হয় আস্তিক।

ভারতীয় দর্শনে আস্তিক সম্প্রদায় হল ছয়টি। যথা – i) ন্যায় দর্শন, ii) বৈশেষিক দর্শন, iii) সাংখ্য দর্শন, iv) যোগ দর্শন, v) মীমাংসা দর্শন, এবং vi) বেদান্ত দর্শন।

ভারতীয় দর্শন আস্তিক সম্প্রদায়গুলিকে আবার দুই ভাগে ভাগ করে হয়। যথা –

অ) বেদ অনুগত সম্প্রদায়

এবং আ) বেদ স্বতন্ত্রপন্থী সম্প্রদায়।

**বেদ অনুগত সম্প্রদায়ঃ**

যে সকল আস্তিক দর্শন সম্প্রদায় সম্পূর্ণরূপে বেদের উপর নির্ভরশীল, তাঁদের বলা হয় বেদ অনুগত সম্প্রদায়। ভারতীয় দর্শনে মীমাংসা এবং বেদান্ত এই দুটি সম্প্রদায় হল বেদ অনুগত সম্প্রদায়।

**বেদ স্বতন্ত্রপন্থী সম্প্রদায়ঃ**

যে সকল আস্তিক দর্শন সম্প্রদায় সম্পূর্ণরূপে বেদের উপর নির্ভরশীল নয়, তাঁদের বলা হয় বেদ স্বতন্ত্রপন্থী সম্প্রদায়। ভারতীয় দর্শনে ন্যায় দর্শন, বৈশেষিক দর্শন, সাংখ্য দর্শন এবং যোগ দর্শন এই চারটি আস্তিক সম্প্রদায়কে বলা হয় বেদ স্বতন্ত্রপন্থী সম্প্রদায়।

# নাস্তিক দর্শন

‘নাস্তিক’ কথাটি প্রধানত দুটি অর্থে ব্যবহৃত হয়। যথা –

ক) প্রচলিত অর্থে নাস্তিক,

এবং খ) ভারতীয় দর্শনে নাস্তিক ।

**ক) প্রচলিত অর্থে নাস্তিকঃ**

সাধারণ অর্থে বা প্রচলিত অর্থে যারাঁ ঈশ্বরের অস্তিত্বে বিশ্বাস করেন না, তাঁদের বলা হয় নাস্তিক।

**খ) <u>ভারতীয় দর্শনে নাস্তিকঃ</u>**

ভারতীয় দর্শনে যাঁরা বেদের প্রমাণ্যে বিশ্বাস করেন না, তাঁদের বলা হয় নাস্তিক।

ভারতীয় দর্শনে নাস্তিক সম্প্রদায় হল তিনটি। যথা – i) চার্বাক দর্শন, ii) বৌদ্ধ দর্শন এবং iii) জৈন দর্শন।

ভারতীয় দর্শন নাস্তিক সম্প্রদায়গুলিকে আবার দুই ভাগে ভাগ করে হয়। যথা –

অ) চরমপন্থী নাস্তিক সম্প্রদায়,

এবং আ) নরমপন্থী নাস্তিক সম্প্রদায়।

**<u>চরমপন্থী নাস্তিক সম্প্রদায়ঃ</u>**

যে সকল নাস্তিক দর্শন সম্প্রদায় সম্পূর্ণরূপে বেদ বিরোধী এবং যারা কর্মবাদ, জন্মান্তরবাদ বা পুনঃজন্মবাদ ইত্যাদি তত্ত্বে সম্পূর্ণ অবিশ্বাসী, তাঁদের বলা হয় চরমপন্থী নাস্তিক সম্প্রদায়। ভারতীয় দর্শনে একমাত্র চার্বাক দর্শন হল চরমপন্থী নাস্তিক সম্প্রদায়।

## নরমপন্থী নাস্তিক সম্প্রদায়ঃ

যে সকল নাস্তিক দর্শন সম্প্রদায় বেদকে অস্বীকার করলেও বিভিন্ন আধ্যাত্মিক মতবাদ যেমন কর্মবাদ, জন্মান্তরবাদ বা পুনঃজন্মবাদ ইত্যাদি তত্ত্বে বিশ্বাসী করে, তাঁদের বলা হয় নরমপন্থী নাস্তিক সম্প্রদায়। ভারতীয় দর্শনে বৌদ্ধ এবং জৈন দর্শন হল নরমপন্থী নাস্তিক সম্প্রদায়। কেননা, এই দুটি সম্প্রদায় বেদকে প্রমাণ্য গ্রন্থরূপে স্বীকার না করলেও ভারতীয় দর্শনের অন্যান্য তত্ত্বে যেমন কর্মবাদ, পুনঃজন্মবাদ ইত্যাদি তত্ত্বে বিশ্বাসী

# ধন্যবাদ